



## দক্ষিণ লেবাননে সংঘর্ষে ইসরাইলি সেনা নিহত



দক্ষিণ লেবাননে সংঘর্ষে ইসরাইলি সেনা নিহত। ছবি: এএফপি

দক্ষিণ লেবাননে চলমান লড়াইয়ে ইসরাইলের এক সেনাসদস্য নিহত হয়েছেন। রোববার (১৯ এপ্রিল) ইসরাইলি সেনাবাহিনীর বিবৃতিতে এ তথ্য জানানো হয়।

এএফপির খবরে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

বিবৃতিতে বলা হয়, আশদোদ শহরের ৩১ বছর বয়সী লিদের পোরাতে এই যুদ্ধে নিহত হন। তিনি ৭৬৯তম আঞ্চলিক ব্রিগেডের ৭১০৬তম ব্যাটালিয়নের সদস্য ছিলেন। তবে ঘটনার বিস্তারিত প্রকাশ করা হয়নি।

ইসরাইল ও হিজবুল্লাহর মধ্যে গত ছয় সপ্তাহের সংঘাতে এখন পর্যন্ত অন্তত ১৫ জন ইসরাইলি সেনা নিহত হয়েছেন বলে সামরিক সূত্র জানিয়েছে।

মধ্যপ্রাচ্যে স্থায়ী শান্তির প্রচেষ্টার অংশ হিসেবে যুদ্ধবিরতি কার্যকর হলেও দক্ষিণ লেবাননে উত্তেজনা অব্যাহত রয়েছে। সাম্প্রতিক সংঘর্ষের নতুন ধাপ শুরু হয় ২ মার্চ, যখন হিজবুল্লাহ ইসরাইলে রকেট হামলা চালায়। এর জবাবে ইসরাইল বৈরত ও দক্ষিণাঞ্চলে পাল্টা হামলার পাশাপাশি স্থল অভিযান জোরদার করে।